রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ডিসেম্বর ২, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৮ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ/২২ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০৮.১২.১২৩।**—বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে Nestle Bangladesh Limited কে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ১০৩, ১০৫ এবং ১১৪(১) এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ২৫ সেপ্টেম্বর ২০১৫ হইতে ২৪ মার্চ ২০১৬ পর্যন্ত ৬(ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল ঃ—

**শর্তাবলী ঃ**

(১) কোন শ্রমিককে দিয়ে সপ্তাহে ৬০(ষাট) ঘন্টার বেশী কাজ করানো যাইবে না।

(২) অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে।

(৩) প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ১(এক) দিন করে সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।

(৪) কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত কাজে নিয়োগ করা যাইবে।

২। ইহা ২৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মহিউদ্দিন আহমেদ খান**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd



**মূল্য ঃ** টাকা ৪.০০